

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম প্রবেশ দ্বার বলে পরিচিত মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তে আওয়ামীলীগ নিষিদ্ধসহ খুনিদের বিচার ও জুলাই সনদ নিয়ে সরকারের পক্ষ থেকে স্পষ্ট রোডম্যাপের দাবীতে ছাত্র জনতা মাওয়া পয়েন্টের আয়োজনে পদ্মা সেতু ব্লকেড কর্মসূচী পালন করছে শিক্ষার্থীরা।

শনিবার বেলা পৌনে ১২ টার দিকে লৌহজংয়ের পদ্মা সেতুর উত্তর থানা এলাকায় লৌহজং, শ্রীনগর ও সিরাজদিখানের অসংখ্য শিক্ষার্থীরা এ ব্লকেড কর্মসূচীতে অংশ নেয়। প্রায় ঘন্টা ব্যাপী চলা এ কর্মসূচীতে আওয়ামীলীগ নিষিদ্ধ ও জুলাই সনদ বাস্তবায়নের দাবীতে মিছিলে মিছিল উত্তাল করে তোলে এ মহাসড়ক। এ সময়ে বিক্ষোভ মিছিল শেষে বক্তব্য রাখেন সোলাইমান হোসেন, আরাফাত প্রিতম, শিহান আহমেদ, ইমন মাহমুদ, জাকারিয়া, রানা, মোঃফখরুল ইসলাম, সিয়াম হাওলাদার, শ্রাবনী আক্তার, অবন্তিকা দাস, আহমেদ মুসা, শহিদুল ইসলাম সেতুসহ বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা।